মুজিবনগরে খ্রিস্টান সম্প্রদায়ের ১২৮ তম ধন্য বুধবার মহাসভার উদ্বোধন

মুজিবনগরে খ্রিস্টান সম্প্রদায়ের সবথেকে বড় ধর্মীয় সমাবেশ ১২৮ তম ধন্য বুধবার মহাসভার উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে উপজেলার চার্চ অব বাংলাদেশ রতনপুর সাধু পিতরের গীর্জা এর আয়োজনে গীর্জা চত্তরে এই মহাসভা অনুষ্ঠিত হচ্ছে।

এবারের মহাসভার মূলসুরঃ “তোমার পবিত্র আত্মাকে আমা হইতে হরণ করিও না” ধন্য বুধবার মহাসভার ইতিহাস সম্পর্কে মাইকেল মন্ডল টুইস বলেন , ১৮৯৫ খ্রীষ্টাব্দের ২০ ফেব্রুয়ারি “বুধবার” পঞ্জিকার পাতায় অন্যান্য সাধারণ একটি দিনের মত হলেও সেদিন ওপার বাংলার মালিয়াপোতায় সাধু লূকের গীর্জায় এমন এক অলৌকিক ঘটনা ঘটেছিল যা দিনটিকে করেছে অবিস্বরণীয়, মহিমান্বিত ও পবিত্র আত্মার অনুগ্রহ প্রাপ্তীর ঝর্নাধারা। তাই পরবর্তীতে এর নামকরণ হয়েছে, ধন্য বুধবার”। আর এই দিনটিকে স্মরণ করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল একটি সভা যে সভা আজ রূপ নিয়েছে “মহাসভায়”, একত্রে “ধন্যবুধবার মহাসভা” ।

ধন্য বুধবার মহাসভা সম্পর্কে বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং (বল্লভপুর,রতনপুর) ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক বলেন, এই ধন্য বুধবার মহাসভা প্রতিবছর বিভিন্ন গ্রামে অনুষ্ঠিত হয়। এ বছর রতনপুর গ্রামে অনুষ্ঠিত হচ্ছে। এ সভা মঙ্গলবার বিকেলে শুরু হয়ে বৃহস্পতিবার সকালে শেষ হবে। এই সভাতে সার্বিক সহযোগিতা এবং সব সময় খোজ খবর রাখার জন্য তিনি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন, মেহেরপুর ১ আসনের এমপি ও জনপ্রশাসন মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল,সভার প্রধান পৃষ্ঠপোষক বিশপ অব কুষ্টিয়া ডায়োসিস রাইট রেভা:হেমেন হালদার, ডিনারী মহাসভা কমিটির সভাপতি রেভা: লরেন্স মৃত্যুঞ্জয় মন্ডল, আহবায়ক মি: জয়ন্ত মন্ডল, সম্পাদক মি: তুষার বিশ্বাস এবং

সভার সার্বিক নিরাপত্তা দিয়ে সহযোগীতা করার জন্য মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল সহ আয়োজক রতনপুর গ্রামের সমগ্র

মানুষ সহ আয়োজক কমিটিকে।

দুদিন ব্যাপী ধন্য বুধবার মহাসভাতে প্রার্থনা সভা, কীর্তন ও সমবেত গান, ধর্মীয় উপাসনা ধর্মীয় বাণী, ধর্মীয় বিষয় নিয়ে আলোচনা করবেন খ্রিস্টীয় পুরোহিত গন।

গাংনীর হিন্দা এইচএমএইচভি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীণ বরণ অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার হিন্দা এইচ এম এইচ ভি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নবীন বরণ এবং অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার দুপুর ১২ টার দিকে বিদ্যালয় প্রাঙ্গণ চত্বরে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করেন বিদ্যালয় কর্তৃপক্ষ । নবীণ বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুল হালিম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার, এমপি পত্নি ও উপজেলা মহিলা আওয়ামীলীগ নেত্রী লাইলা আরজুমান বানু, তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা, কাথূলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, আওয়ামীলীগ নেতা ও হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম।
অনুষ্ঠানে শিক্ষার্থীদের অভিভাবক বৃন্দ,শিক্ষার্থীবৃন্দ ও স্থানীয় গন্যমান্য ব্যাক্তিরা উপস্থিত ছিলেন।

হিন্দা এইচ এম এইচ ভি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের একাডেমিক ভবন, শেখ রাসেল ডিজিটাল ল্যাব, সামীনা প্রাচীর নির্মাণ কাজের উদ্বোধন

করেন অনুষ্ঠানের প্রধান অতিথি সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

মেহেরপুরে মিথ্যা মামলা দায়ের করায় বাদীর বিরুদ্ধে মামলার নির্দেশ আদালতের

হয়রানী এবং ক্ষতিগ্রস্থ করার উদ্দেশ্যে আসামিদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করায় বাদী আইয়ুব আলীর বিরুদ্ধে মামলা দায়েরের নির্দেশ দিয়েছেন মেহেরপুরের একটি আদালত।

মঙ্গলবার (১৪ ফেব্রুয়ারি) গাংনী আমলি আদালতের সিনিয়ার ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহ্ এই আদেশ প্রদান করেন। আগামী ২৪ ঘন্টার মধ্যে গাংনী থানার ওসিকে এফআইআরের নির্দেশ দেওয়া হয়।

আদালত সূত্রে জানা যায়, গাংনীর বাঁশ বাড়িয়ার মোঃ আইয়ুব আলী বাদী হয়ে গত ২৭/০৩/২০২২ তারিখে আসামি খলিলুর সহ পাঁচ জনের বিরুদ্ধে প্রতারেনা, অর্থ আত্মসাৎ, জালিয়াতি এবং প্রাণ নাশের হুমকির অভিযোগে সি,আর ১৮২/২২নং মামলা দায়ের করেন। ইতিপূর্বে একই বর্ণনায় ০৯/১০/২০২০ তারিখে সি, আর ২৩০/২০নং মামলা করেন। উভয় মামলায় আদালত তদন্তের নির্দেশ দেন এবং ঘটনার সত্যতা নেই মর্মে তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন। মামলাটি বিবাদীকে ক্ষতিগ্রস্ত করার উদ্দেশ্যে দায়েরকৃত বলেও তদন্তে উল্লেখ করা হয় ।

গাংনীতে পৃথক অভিযানে হেরোইন বিক্রেতাসহ ৩ জন গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া গ্রামের বেনাগাড়িয়া এলাকায় অভিযান চালিয়ে ৫ গ্রাম হেরোইনসহ বাবর আলী (৪৫) নামের এক মাদক বিক্রেতাকে আটক করেছে পুলিশ।

সোমবার দিবাগত রাতে গাংনী থানার এস আই সাইফুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন। আটক বাবর আলী গাড়াবাড়ীয়া গ্রামের মুত আব্দুল মান্নানের ছেলে।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে গাড়াবাড়ীয়া গ্রামের বেনাবাড়িয়া এলাকায় অভিযান পরিচালনা করে ৫ গ্রাম হেরোইনসহ তাকে আটক করা হয়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

এছাড়া গাংনী থানা পুলিশের পৃথক দুটি টিম অভিযান পরিচালনা করিয়া জিআর মামলার ওয়ারেন্টভুক্ত ও নিয়মিত মামলার একজন আসামিকে গ্রেফতার করা হয়।

আমদহ ইউনিয়ন নির্বাচনে দলীয় মনোনয়ন লড়াইয়ে আওয়ামী লীগের ৭ প্রার্থী

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদে নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেতে ৭জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। এদের মধ্যে কয়েকটি বিবেচনায় তিন প্রার্থী মনোনয়ন লড়াইয়ে এগিয়ে রয়েছেন বলে জানা গেছে।

গতকাল সোমবার শেষ দিন পর্যন্ত আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে মনোনয়ন জমা দেওয়া প্রার্থীরা হলেন- বর্তমান চেয়ারম্যান ও জেলা

আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আনারুল ইসলাম, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক উপ-সমাজ সেবা সম্পাদক এ্যাড. আব্দল্লাহ আল মামুন রাসেল, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হিরা, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রওশন আলী টোকন, আমদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি বায়েজিদ আহমেদ সুইট, জেলা তাঁতী লীগের আহবায়ক সুবাদ আলী এবং আওয়ামী লীগ কর্মী একরামুল হক।

আগামীকাল বুধবার আওয়ামী লীগের স্থানীয় সরকার বিষয়ক মনোনয়ন বোর্ডের সভা অনুষ্ঠিত হবে। সভা শেষে দলীয় প্রার্থীর নাম ঘোষনা করা হবে বলে জানা গেছে।

এদিকে, স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে কথা বলে জানা গেছে, ৭জন মনোনয়ন জমা দিলেও ৩ প্রার্থী এগিয়ে রয়েছেন বলে তারা ধারণা করছেন। এগিয়ে থাকা প্রার্থীরা হলেন বর্তমান চেয়ারম্যান আনারুল ইসলাম, এ্যাড. আব্দুল্লাহ আল মামুন রাসেল ও আতিয়ার রহমান হিরা।

গাংনীতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনে প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুৃজ্জামান খোকন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ রনি খাতুনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক ।
অনুষ্ঠানে এমপি পত্নি লাইলা আরজুমান শিলা ,গাংনী থানার ওসি তদন্ত মনোজিৎ কুমার নন্দি, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফারহানা

ইয়াসমিন, বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান বৃন্দ, সরকারি -বেসরকারি অফিসের কর্মকর্তা বৃন্দ প্রস্ততি সভায় অংশ গ্রহন করেন।

প্রতি বছরের ন্যায় এবারও গাংনী উপজেলায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনে নানা কর্মসুচী গ্রহন করেছে উপজেলা প্রশাসন।

বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বিএনপি নেতা আওয়াল বিশ্বাস গ্রেফতার

গাংনীর বামন্দী মাদ্রাসায় বোমা উদ্ধারের ঘটনায় বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জেলা বিএনপির যুগ্ন সাধারন সম্পাদক আঃ আওয়াল বিশ্বাস কে গ্রেফতার করা হয়েছে।

সোমবার রাত ৮টার দিকে বামন্দী বাসস্ট্যান্ড এলাকা থেকে গ্রেফতার করে বামন্দী পুলিশ ক্যাম্প।

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই ইসরাফিল হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে বামন্দী বাসস্ট্যান্ড এলাকায় সঙ্গীয় সদস্যদের নিয়ে অভিযান চালিয়ে বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা আঃ আওয়াল বিশ^◌াসকে গ্রেফতার করা হয়েছে।

গত ১০ ফেব্রুয়ারী শুক্রবার গাংনী উপজেলার বামন্দী দাখিল মাদ্রাসায় বোমা বিস্ফোরন ও উদ্ধারের ঘটনায় জড়িত সন্দেহে তাকে গ্রেফতার করা হয়েছে। তাকে আদালতের মাধ্যমে কারাগারে প্রেরন করা হবে।

গাংনীর আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরের গাংনীর আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ে নবীন শিক্ষার্থীদের বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান করেছে বিদ্যালয় কর্তৃপক্ষ।

সোমবার সকাল ১০টার দিকে উপজেলার আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রউফ স্বপন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি আখতারুজ্জামান বাবু। সময় শিক্ষক-শিক্ষার্থীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। নবীনদের বরণ শেষে ২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের বিদায়ী সংবর্ধনা দেয়া হয়েছে এবং দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গাংনীতে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে কম্বল বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে প্রাপ্ত কম্বল বিতরণ করেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ।

মুক্তিযোদ্ধা, অসহায় দুস্থ ও বিশেষ চাহিদা সম্পন্ন এবং মাদ্রাসা শিক্ষার্থীসহ মোট দুই হাজার জনের মাঝে এ কম্বল বিতরন করা হয়েছে।

সোমবার বিকেল সাড়ে তিনটার দিকে মেহেরপুরের গাংনী সিদ্দিকীয়া সিনিয়র দাখিল মাদ্রাসা প্রাঙ্গণে এ কম্বল বিতরণ করা হয়। গাংনী

পৌর আওয়ামীলীগের সভাপতি ছানোয়ার হোসেন বাবলুর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনরুল ইসলাম বাবু, ওয়ার্ড কাউন্সিলন মোতালেব হোসেন,সাবেক ছাত্রনেতা ও পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতুসহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

শিক্ষা বন্ধব আওয়ামীলীগ সরকারকে আবারো ক্ষমতায় আনতে হবে এমপি খোকন

মেহেরপুরের গাংনী উপজেলার ভাপটাড়া(বিএন) কলেজের নব নির্মিত একাডেমিক ভবনের উদ্বোধন করেছেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

সোমবার বেলা ১১ টার সময় ৮০ লাখ ৪০ হাজার টাকা ব্যায়ে নির্মিত একাডেমিক ভবনটির উদ্বোধন করেন তিনি । উদ্বোধনী শেষে কলেজ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোস্তাক আহম্মেদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি ও সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক, সাহারবাটি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি তৌহিদ মুর্শেদ অতুল। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গাংনী পৌর যুব লীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম ও আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু। এসময় শিক্ষা প্রকৌশলী আতিকুর রহমান,কাথুলী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি গোলজার হোসনে,সাহারবাটি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আকরাম আলী খা,বিভিন্ন ওয়ার্ডের ইউপি সদস্য বৃন্দ স্থানীয় গন্যমান্য ব্যাক্তি উক্ত কলেজের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দরা উপস্থিত ছিলেন।